গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম।
www.chc.gov.bd
[লাইসেন্স শাখা]

28 JUL 2026

## আদেশ

কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এর বিধি ১৪ এর উপবিধি (২) অনুসারে কোনো ব্যক্তি একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী হিসেবে ১ (এক) টি লাইসেন্স গ্রহণ করতে পারবেন এবং অংশীদারি প্রতিষ্ঠানের অংশীদার বা লিমিটেড কোম্পানিতে শেয়ার হোল্ডার হিসাবে সর্বোচ্চ ১ (এক) টি লাইসেন্স গ্রহণ করতে পারবেন। একই বিধিমালার বিধি ১৪ এর উপবিধি (৩) মোতাবেক এই বিধিমালা জারির পূর্বে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান একই অধিক্ষেত্র থেকে ভিন্ন নামে বা একই নামে একাধিক লাইসেন্স গ্রহণ করে থাকলে উক্ত বিধিমালার বিধি ১৪ এর উপবিধি (২) অনুসারে একটি লাইসেন্স সচল রেখে অন্যান্য লাইসেন্স বাতিল করার বিধান রয়েছে।

২। এমতাবস্থায়, কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এর বিধি ১৪ এর উপবিধি (২) ও (৩) এর বিধান বাস্তবায়নের লক্ষ্যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বিধি-১৪ এর উপবিধি-(২) এ নির্ধারিত সীমার অতিরিক্ত সিএন্ডএফ লাইসেন্স বিদ্যমান থাকলে, সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বিধি অনুসারে অনুমোদনযোগ্য লাইসেন্স সচল রেখে অবশিষ্ট (অতিরিক্ত) লাইসেন্সের মূল বুকলেট এ দপ্তরের লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সমর্পণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত সময়ের মধ্যে সমর্পণ করা না হলে লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বউদ্যোগে তা বাতিল করাসহ বিধিমালা মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। একইসাথে সংশ্লিষ্ট লাইসেন্সের বিপরীতে রক্ষিত জামানত বাজেয়াপ্তযোগ্য হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা:
(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা)
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ
E-mail:customhousectg@gmail.com

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২ (অংশ-৪) / ৮২৪৪ (২) তারিখ: /০৭/২০২৬ খ্রিঃ
28 JUL 2026

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (এ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
২। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩। পি এ টু-কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। যোগাযোগ শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম (নোটিশ বোর্ডে টানিয়ে দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
৫। অফিস কপি।

২৭.০৭.২৬
(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা)
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ।

২০
২৯/৭/২৬